২৯/৮/২০০৭

তারিখ ......................

পৃষ্ঠা ৩ কলাম ৫

# ভোলায় বেসরকারী স্কুল কলেজ-মাদ্রাসা শিক্ষকরা সরকারী পাওনা পাইতেছে না

দৌলতখান (ভোলা) সংবাদদাতা ॥ গত সোমবার শিক্ষকদের একটি প্রতিনিধিদল ভোলা প্রেসক্লাবে সাংবাদিকদের নিকট ক্ষোভ প্রকাশ করিয়া বলেন, তত্ত্বাবধায়ক সরকার নির্বাচন সংক্রান্ত কাজের বাইরেও গুরুত্বপূর্ণ অন্যান্য নীতি নির্ধারণী কাজ করিলেও সারাদেশের লক্ষ লক্ষ বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসার গরীব শিক্ষকদের জুন-জুলাই দুই মাসের বেতন-ভাতার সরকারী অংশের অর্থ দেন নাই। আগস্ট মাসও শেষ হইতে চলিয়াছে। শিক্ষকরা পরিবার-পরিজন লইয়া নিদারুণ কষ্টে আছে। এ ব্যাপারে তত্ত্বাবধায়ক সরকার কেন ব্যবস্থা নিতেছেন না তাহা বোধগম্য নহে। তাহারা প্রশ্ন করেন, শিক্ষকরা কি এই দেশের নাগরিক নহে? অথচ প্রতি মাসের বেতন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রদান করার কথা। এই শিক্ষকদের সিংহভাগই আবার নির্বাচনী দায়িত্বও পালন করে। শিক্ষকদের বক্তব্য, আমরাতো বকশিশ চাই না, হিসাবের পাওনা চাই।